তারিখ 06 MAY 1992
পৃঃ ১ কলাম ৭

২৫৮

# শিক্ষা প্রতিষ্ঠান আর জাতীয়করণ না করার চিন্তা-ভাবনা

**গিয়াসউদ্দিন আহমদ ॥** সরকার বেসরকারী কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় আর জাতীয়করণ না করার বিষয় চিন্তা-ভাবনা করিতেছে। এ ব্যাপারে সরকারী অভিমত হইল, অতীত অভিজ্ঞতা হইতে দেখা যায় যে, সুনির্দিষ্ট মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের পর উহাতে শিক্ষার মান দ্রুত হ্রাস পাইয়াছে। কাজেই জাতীয়করনের পরিবর্তে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে

(১০ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠান

( ১ম পৃঃ পর)

বর্ধিত হারে সরকারী অনুদান অথবা উন্নয়ন সহায়তা প্রদানের বিষয়টিও সরকার চিন্তা-ভাবনা করিতেছে। ইহাছাড়া কিছুদিন আগে এশীয় উন্নয়ন ব্যাংক শিক্ষা প্রতিষ্ঠান আর জাতীয়করণ না করার জন্য সরকারকে পরামর্শ দিয়াছে। সম্প্রতি মন্ত্রীসভার এক বৈঠকে বলা হয়, সুষম পরিকল্পনা ছাড়া অতীতে দেশে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করা হইয়াছে। ইহাতে এক অঞ্চলে অধিক শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ হইয়াছে। অন্য অঞ্চলে একেবারেই জাতীয়করণ করা হয় নাই। মন্ত্রিসভার বৈঠকে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে সরকার কর্তৃক অনুদান ও আর্থিক সহায়তা প্রদানের জন্য শিক্ষা বিভাগ যথোপযুক্ত নীতিমালা অনুসরণ করিবে বলিয়া সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ সম্পর্কে শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকারের সহিত যোগাযোগ করা হইলে তিনি বলেন, জাতীয়করণ বন্ধ করার ব্যাপারে উচ্চ পর্যায়ে চিন্তাভাবনা চলিতেছে তবে যে সকল উপজেলায় সরকারী বিদ্যালয় ও কলেজ নাই সেই সকল উপজেলায় জাতীয়করণ কর্মসূচী গ্রহণ করা হইবে। এ ব্যাপারে শিক্ষা বিভাগ অর্থ বিভাগের সহিত আলোচনাক্রমে কার্যক্রম গ্রহণ করিবে।